

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-বাজেট- ৩৭.০৩.০০০০.০২০.২০.০৬৯.১৮-৮০৮৫

তারিখ: ০৯/০৯/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ ই-জিপি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এর ধারা ৬৭ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি-১২৮ অনুসরণে প্রণীত এবং জারীকৃত “ইলেক্ট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) নির্দেশমালা” মেনে সরকারী তহবিলের অর্থ দ্বারা যে কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে ই-জিপি পদ্ধতি ব্যবহার করতে হবে। এতে ক্রয়কার্যে স্বচ্ছতা, জবাবদিহিতা ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত হবে।

০২। কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে ই-জিপি বাস্তবায়নের জন্য ইতোমধ্যে কর্মকর্তা ও শিক্ষকগণকে ধারাবাহিকভাবে ই-জিপি ব্যবহারের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, সরকারি নির্দেশনা মোতাবেক ২০১৮-২০১৯ অর্থ বছরে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে রাজস্ব বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অবশ্যই ক্রয় কার্য ই-জিপি প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হলো।


স্বাক্ষরিত/-
(মনজুরুল কাদের)
যুগ্ম-সচিব
ও
পরিচালক(প্রশাসন)

বিতরণঃ

- ০১। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
- ০২। অধ্যক্ষ, সিলেট ইঞ্জিনীয়ের ময়মনসিংহ ইঞ্জিনীয়ের ফরিদপুর ইঞ্জিনীয়ের বরিশাল ইঞ্জিনীয়ের কলেজ।
- ০৩। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ (টিটিসি), ঢাকা ও ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনসিটিউট, কুড়া।
- ০৪। অধ্যক্ষ, সকল পলিটেকনিক ও মনোটেকনিক ইনসিটিউট।
- ০৫। সহকারী পরিচালক (আয়ন-ব্যয়ন কর্মকর্তা), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থঃ

- ০১। পরিচালক (পরিঃ ও উন্নয়ন/পিআইইউ/পিআইডিলিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে ও প্রতিষ্ঠানের ই-মেইলে দেয়ার জন্য অনুরোধ করা হল।
- ০৩। পি এ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৪। সংরক্ষণ নথি।


(মোঃ সামসাদ খলিল)
সহকারী পরিচালক